

ড. মননকুমার মণ্ডল : থ্রেসিডেন্সি কলেজ থেকে সাম্মানিক বাংলায় স্নাতক ও কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্যে প্রথম শ্রেণিতে উত্তীর্ণ হয়ে স্নাতকোত্তর ডিগ্রী; ইউ জি সি-নেট ও জহরলাল নেহেরু মেমোরিয়াল ফাণ্ড, নয়াদিল্লীর (২০০৫) স্কলারশিপসহ ডক্টরেট ডিগ্রী লাভ কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে ২০০৬ সালে। গবেষণার বিষয় আধুনিক বাংলা কথাসাহিত্য। তাম্রলিপ্ত কলেজ, তমলুক লেকচারার (২০০১); পরবর্তীতে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের সিনিয়র লেকচারার (২০০৭); কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা ভাষা ও সাহিত্য বিভাগের অতিথি অধ্যাপক। জাতীয় ও আন্তর্জাতিক বেশ কয়েকটি সেমিনারে তাঁর পঠিত গবেষণাপত্র প্রশংসিত হয়েছে। লেখেন মূলত বাংলায়; গবেষণার ও আগ্রহের বিষয়—বাংলা কথাসাহিত্য, পার্টিশান সাহিত্য, ভারতীয় সাহিত্য। বর্তমানে 'NSOU-DEC'র অর্থানুকূল্যে পরিচালিত “বাংলা ভাষায় ভারতীয় সাহিত্য পাঠ প্রকল্প”-এর মুখ্য কোর্ডিনেটর।

ই-মেল : mkmnsou@gmail.com



মূল্য: ১৫০.০০




আধুনিক ভারতীয় সাহিত্য প্রসঙ্গে



সম্পাদনা : মননকুমার মণ্ডল

আধুনিক ভারতীয় সাহিত্য প্রসঙ্গে



নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়
স্কুল অব্ হিউম্যানিটিস এন্ড সোস্যাল সায়েন্সেস

আধুনিক ভারতীয় ভাষা ও সাহিত্যের চর্চা আজকের দিনে খুবই প্রাসঙ্গিক। ভারতবর্ষের বহুভাষিক চরিত্র এবং তার বহু ভাষায় রচিত সৃজনশীল সাহিত্যের প্রবণতাগুলির মাপজোক আজ বড় গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব্ হিউম্যানিটিস এন্ড সোস্যাল সায়েন্সেস বাংলা ভাষায় ভারতীয় সাহিত্য পাঠ বিষয়ক একটি প্রকল্প গ্রহণ করে নয়াদিল্লীস্থিত ডিস্ট্যান্স এডুকেশন কাউন্সিলের অনুমোদনক্রমে ও অর্থানুকূল্যে। এই প্রকাশনা সে প্রকল্পের প্রথম পর্যায়। এই গ্রন্থে ভারতীয় সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে পাঁচটি মূল্যবান প্রবন্ধ সংকলিত হয়েছে। অন্যদিকে আধুনিক ভারতীয় সাহিত্যের বর্গীকরণের বাস্তবতা ও সমস্যা নিয়ে বিশিষ্ট পণ্ডিতদের ছাঁটি মূল্যবান প্রবন্ধের ভাষান্তর স্থান পেয়েছে। অঞ্চল ভারতীয় চেতনার সমান্তরালে বহুভাষিক ভারতীয় সাহিত্যের স্বাধীন স্বকৃত বয়ানের বহু জায়গা পেয়েছে লেখাগুলিতে। ঐতিহাসিকতার প্রেক্ষিতে ভারতীয় ভাষাগুলির বিকাশ এবং তার সঙ্গে সঙ্গে সেগুলির সাহিত্য সৃজনের লেখমালা কীভাবে আধুনিক ও অধুনাস্তিক ভারতীয় সাহিত্যের পরিচিতি তৈরি করেছে তার অনুসন্ধানই এ প্রকল্পের লক্ষ্য।